

ডিন

সামাজিক বিজ্ঞান অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা-১০০০, বাংলাদেশ

ফোন : ৯৬৬১৯০০/৪৩৫২, ৫৮৬১৩৭৩৮

ফ্যাক্স : ৮৮০-২-৯৬৬৭২২২



Dean

Faculty of Social Sciences

University of Dhaka

Dhaka-1000, Bangladesh

Phone : 9661900/4352, 58613738

Fax : 880-2-9667222

E-mail : dean.fss.du@gmail.com

তারিখ : ২৯ অক্টোবর, ২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয়

‘ঘ’ ইউনিট

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ

২৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত ‘ঘ’ ইউনিটের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল অদ্য ২৯-১০-২০১৯ তারিখ প্রকাশ করা হলো। ‘ঘ’ ইউনিটে মোট ১৫৬০ টি আসনের (বিজ্ঞান-১০৯৭, ব্যবসায় শিক্ষা-৪১০, মানবিক-৫৩) বিপরীতে মোট ৮৪,১৭৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে যার মধ্যে সমন্বিতভাবে (MCQ ও লিখিত অংশ মিলিয়ে) সর্বমোট ১১,১৫৮ জন উত্তীর্ণ হয়েছে। পাশের হার ১৩.২৬ শতাংশ। পরীক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান শাখা থেকে ৮,৪৮৫, ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২,১০৪ এবং মানবিক শাখা থেকে ৫৬৯ জন উত্তীর্ণ হয়েছে। তিনটি পৃথক মেধা তালিকা প্রণয়ন করা হয়েছে। ফলাফল ঢাকা বিশ্ববিদ্যালয়ের admission.eis.du.ac.bd ওয়েব সাইটে গিয়ে লগইন করে দেখা যাবে। এছাড়া যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে DU GHA <roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে send করলে ফিরতি SMS-এর মাধ্যমে ফলাফল জানা যাবে।

নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে:

- ১। প্রকাশিত ‘ঘ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষার জন্য কোন প্রার্থী আগ্রহী হলে সামাজিক বিজ্ঞান অনুষদে ১০০০/- টাকা ফি জমা দিয়ে এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্রীর ফটোকপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি ও অনলাইন থেকে প্রিন্ট করা ফলাফলের কপিসহ ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ-এর বরাবরে ০৬/১১/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে লিখিতভাবে আবেদন করতে হবে। পুনঃনিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে মেধা-তালিকায় প্রয়োজনীয় সংশোধন করা হবে। এতদসংক্রান্ত ফলাফল আগামী ১২/১১/২০১৯ তারিখ সকাল ১০:০০টায় অনুষদ অফিসে প্রকাশ করা হবে এবং সকাল ১০:৩০ থেকে দুপুর ১:০০টা পর্যন্ত উত্তরপত্র দেখা যাবে।
- ২। কোটায় ভর্তি হতে আগ্রহী উত্তীর্ণ প্রার্থীদেরকে ০৩/১১/২০১৯ থেকে ১২/১১/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট কোটার ফরম সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে উক্ত সময়ের মধ্যে যথাযথভাবে পূরণ করে অনুষদের অফিসে জমা দিতে হবে।
- ৩। ভর্তি হতে আগ্রহী উত্তীর্ণ সকল প্রার্থীদের আগামী ৩১/১০/২০১৯ থেকে ১৪/১১/২০১৯ তারিখের মধ্যে ওয়েবসাইটে বিস্তারিত তথ্য ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে এবং এক কপি প্রিন্ট করে নিজের কাছে রেখে দিতে হবে। উক্ত সময়ের মধ্যে বিষয় পছন্দক্রম ফরম পূরণ না করলে কোন প্রার্থীকে বিষয়-মনোনয়ন দেয়া সম্ভব নয়। আগামী ২০/১১/২০১৯ তারিখ বিকাল ৩:০০টায় ওয়েবসাইটে বিষয়/বিভাগ মনোনয়ন দেয়া হবে এবং ঐ তারিখে সাক্ষাৎকারের নোটিশ ওয়েবসাইটের ‘ঘ’ ইউনিট সেকশনে দেয়া হবে। প্রার্থীকে নিজ দায়িত্বে অনুষদের নোটিশ বোর্ড অথবা ওয়েবসাইটের মাধ্যমে জেনে নিতে হবে।

স্বাক্ষর -  
অধ্যাপক ড. সাদেকা হালিম

ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ

ও

সমন্বয়কারী

‘ঘ’ ইউনিট ভর্তি পরীক্ষা, ২০১৯-২০২০

ঢাকা বিশ্ববিদ্যালয়